পাঠ্যসূচি ও অ্যাসাইনমেন্ট

শ্রেণি: অষ্টম

বিষয়: কৃষি শিক্ষা

পাঠ্যসূচি ও অ্যাসাইনমেন্ট

শ্রেণি: অষ্টম　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　বিষয়: কৃষিশিক্ষা

অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	শিখনফল	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও শিরোনাম/ বিষয়বস্তু	শিক্ষাক্রমে বরাদ্দকৃত পিরিয়ড সংখ্যা	অ্যাসাইনমেন্ট	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স	মন্তব্য
১ম অধ্যায়: বাংলাদেশের কৃষি ও আন্তর্জাতিক প্রেক্ষাপট	১. কৃষিতে বিজ্ঞানীদের অবদান ব্যাখ্যা করতে পারব।	পাঠ-১: কৃষিতে বিজ্ঞানীদের অবদান	০২	**অ্যাসাইনমেন্ট-১:** রুমির বাবা একজন কৃষিবিজ্ঞানী। তিনি মিষ্টি ও উচ্চ ফলনশীল আমের একটি জাত উদ্ভাবন করেন যা বারি-৪ নামে মাঠ পর্যায়ে সফলভাবে উৎপাদিত হচ্ছে। গত ১৬ই ডিসেম্বর ২০২০ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর এই অবদানের জন্য তাঁকে রাষ্ট্রপতি পদক প্রদান করে সম্মানিত করেন। রুমির বাবার এমন সম্মান প্রাপ্তির পিছনে নিম্নলিখিত বিষয়গুলো তার মনে যে আলোড়ন সৃষ্টি করেছে সে ব্যাপারে তোমার সুচিন্তিত মতামত উল্লেখ কর- ১. ধান, পাট, গম, আখ, চাষযোগ্য কৈ মাছ, মিষ্টি জাতের আম, মাল্টা ইত্যাদি উদ্ভাবনে কাদের নিরলস পরিশ্রম ও গবেষণায় অবদান রয়েছে? ২. কোন কোন প্রতিষ্ঠান গবেষণার মাধ্যমে এসব নতুন জাত উদ্ভাবন করেছেন? ৩। ধান গবেষণা প্রতিষ্ঠান (BRRI) থেকে ধানের কোন কোন জাত উদ্ভাবন করেছেন? ৪। কৃষিবিজ্ঞানীরা ধানছাড়াও অন্যান্য কি কি জাত উদ্ভাবন করেছেন-যা কৃষকেরা মাঠে চাষাবাদ করে বাংলাদেশের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন? ৫। এ সমস্ত কৃষিজাত দ্রব্য উৎপাদনের মাধ্যমে মানুষের কোন ধরনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে?	১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের কৃষিশিক্ষা বিষয়ের প্রথম অধ্যায় পাঠ ২. ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য সংগ্রহ ৩. বিষয় শিক্ষকের পরামর্শ গ্রহণ ৪. অভিভাবকের মতামত গ্রহণ ৫. স্বাস্থ্যবিধি মেনে নিকট প্রতিবেশির সাথে পরামর্শ	**অতি উত্তম** ১. পরিপূর্ণতায় বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা ২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ ৩. লেখার সৃজনশীলতা **উত্তম** ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা ২. তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ **ভালো** ১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব। ২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতি পূর্ণ। **অগ্রগতি প্রয়োজন** ১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব ২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়।	
	২. আধুনিক কৃষি ফলন এবং আমাদের জীবন ধারার পরিবর্তনের মধ্যে সম্পর্ক স্থাপন করতে পারব।	পাঠ -২: বাংলাদেশের মানুষের জীবন, সংস্কৃতি এবং কৃষির আধুনিকায়ন	০২				
	৩. বাংলাদেশের সাথে বিশ্বের কয়েকটি নির্বাচিত দেশের কৃষির অগ্রগতির সম্পর্ক বর্ণনা করতে পারব।	পাঠ-৩: বিশ্বের বিভিন্ন দেশের কৃষির অগ্রগতি	০২				
	৪. বাংলাদেশের কৃষির সাথে কয়েকটি নির্বাচিত দেশের কৃষির তুলনা করতে পারব।	পাঠ-৪: এশীয় ও বিশ্ব- প্রেক্ষাপটে বাংলাদেশের কৃষির তুলনা	০২				
	৪. বাংলাদেশের কৃষির সাথে কয়েকটি নির্বাচিত দেশের কৃষির তুলনা করতে পারব।	পাঠ-৫: বাংলাদেশ ও ভারত	০১				
	২. আধুনিক কৃষি ফলন এবং আমাদের জীবন ধারার পরিবর্তনের মধ্যে সম্পর্ক স্থাপন করতে পারব।	পাঠ-৬: ফসলের মৌসুম নির্ভরশীলতা কাটিয়ে উঠা	০১				
২য় অধ্যায়:কৃষি প্রযুক্তি	১. কৃষিতে বিভিন্ন প্রযুক্তির ব্যবহার ব্যাখ্যা করতে পারব।	পাঠ ১ - ধানচাষে গুটি ইউরিয়ার ব্যবহার পাঠ ২ - গরু মোটাতাজাকরণ	০৪	**অ্যাসাইনমেন্ট-২:** পল্লব যখন মামার বাড়িতে গিয়েছিল তখন কাজিনদের সাথে অনেক সুন্দর সময় কাটায় পল্লবের মামা কাজিনদের সহযোগিতায় বাড়ির আঙ্গিনায় সবজি চাষ করেছেন। সেখান থেকে	১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের কৃষিশিক্ষা বিষয়ের দ্বিতীয়	**অতি উত্তম** ১. পরিপূর্ণতায় বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা ২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ	

অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	শিখনফল	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও শিরোনাম/ বিষয়বস্তু	শিক্ষাক্রমে বরাদ্দকৃত পিরিয়ড সংখ্যা	অ্যাসাইনমেন্ট	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স	মন্তব্য
		পাঠ ৩- ফসলের রোগ ও তার প্রতিকার পাঠ ৪- মৃত পশুপাখি ও মাছের ব্যবস্থাপনা		টমেটো, বেগুন, আলু, ডাটা নিজ হাতে তুলে এনে পল্লবকে টাটকা সবজির সাথে পরিচয় করিয়ে দিলেন। কিন্তু পল্লবের নজরে এলো সবজি বাগানের কোন কোন গাছের পাতায় বাদামীও কালো দাগ ফুটে উঠেছে, একটা বেগুন গাছ ঢলে পড়ে আছে এবং আলু গাছের পাতায় ঝলসানো অবস্থা সৃষ্টি হয়েছে। পল্লব উক্ত সমস্যাগুলো নিচের প্রশ্নের উত্তরের মাধ্যমে কীভাবে সমাধান করতে পারে- ১। গাছের পাত কেন ঝলসে যায়? ২। গাছের চারা কেন ঢলে পড়ে? ৩। গাছের পাতায় বাদামী, কালো বর্ণের দাগে গাছের কি ক্ষতি হয়? ৪। এ ধরণের পরিস্থিতি থেকে কীভাবে গাছের রোগ প্রতিরোধ করা যায়? অ্যাসাইনমেন্ট-৩: উঁচু, মাঝারি উঁচু, মাঝারি নিচু বিভিন্ন ধরনের ফসলি জমি খন্ডে খন্ডে ভাগ করে গনি মিয়া দুই মৌসুমে পর পর দুইবছর বিভিন্ন ধরনের ফসল উৎপাদন করেন। ১। নিম্নলিখিত ফসলগুলো দিয়ে গনি মিয়া কোন ধরনের শস্য পর্যায় অবলম্বন করবেন তা চার্টের সাহায্যে তুমি উপস্থাপন কর- পাট, আউশ, গোলআলু, ফুলকপি, বাঁধাকপি, আখ, মাষকলাই, মুগ, সরিষা ও গম। ২। শস্য পর্যায় কী? ৩। উপরিক্ত ফসল নির্বাচনের ক্ষেত্রে শস্য পর্যায় বিষয়গুলো কিভাবে গুরুত্ব পায়? ৪। ভূমি উন্নয়নে শস্য পর্যায় কিভাবে ভূমিকা রাখে। ৫। শস্য পর্যায়ের সুফল পেতে হলে গণি মিয়ার শস্য পর্যায়ের ব্যবহার কতটুকু যুক্তি সংগত? ব্যাখ্যা কর।	অধ্যায় পাঠ ২. ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য সংগ্রহ ৩. বিষয় শিক্ষকের পরামর্শ গ্রহণ ৪. অভিভাবকের মতামত গ্রহণ ৫. স্বাস্থ্যবিধি মেনে নিকট প্রতিবেশির সাথে পরামর্শ	৩. লেখার সৃজনশীলতা **উত্তম** ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা ২. তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ **ভালো** ১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব। ২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতি পূর্ণ। **অগ্রগতি প্রয়োজন** ১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব ২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়।	
	২. মাঠ ফসলের বহুমুখীকরণ ব্যাখ্যা করতে পারব।	পাঠ ৫- মাঠ ফসলের বহুমূখীকরণ পাঠ ৬-মাঠ ফসলের বহুমুখীকরণের ব্যবহার	০৩				
	৩. শস্য পর্যায় ব্যাখ্যা করতেপারব।	পাঠ ৭ - শস্য পর্যায়ের ধারণা পাঠ ৮ - শস্য পর্যায়ের ব্যবহার	০৩				